গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা -২ শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

বিষয়ঃ Bangladesh Geographic Information System Platform (BGISP) এর উপর সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও BGISP প্রাতিষ্ঠানিকীকরণ এর লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভার তারিখ | : ৩০/০৯/২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : সকাল ১০.৩০ ঘটিকায় |
| স্থান | : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: সংযুক্তি- 'ক'

সভাপতি সভার শুরুতে সভায় উপস্থিত ও Zoom এর মাধ্যমে অংশগ্রহনকারীগণের সাথে পরিচিতি পর্ব শেষে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) ব্যবহার করে বিশ্বের বিভিন্ন দেশে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানাবিধ সেবামূলক কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশ জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম প্লাটফর্ম (বিজিআইএসপি) প্রতিষ্ঠার অন্যতম উদ্দেশ্যে হলো বিভিন্ন দপ্তর সংস্থা কর্তৃক গৃহীত জিআইএস কার্যক্রমের দ্বৈততা পরিহার করা এবং Data gap নির্ধারণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহন করা। জিআইএস কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমুহের মধ্যে সমন্বয় সাধন করা গেলে একে অপরের কাজ সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ করবে এবং নিজেদের মধ্যে তথ্য/উপাত্ত আদান প্রদানসহ জাতীয় প্রয়োজনে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন সহজ হবে। এতে অর্থ ও সময়ের অপচয় হ্রাস পাবে। এ লক্ষ্যকে সামনে রেখেই BGISP গঠন করা হয়েছে। তিনি BGISP সকল সংস্থার সহযোগীতা কামনা করেন।

২। অতপর তিনি Stat4Dev প্রকল্পের প্রকল্প পরিচালককে Bangladesh Geographic Information System Platform (BGISP) এর সার্বিক কার্যক্রম উপস্থাপনার জন্য বলেন। প্রকল্প পরিচালক, জনাব মোঃ জাহিদুল হক সরদার BGISP এর পটভূমি থেকে এ পর্যন্ত সার্বিক কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। BGISP এর মূলকমিটির ৮টি ও ১টি অগ্রগতি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া BGISP এর Logo সম্বলিত Website তৈরী ও গাইডলাইন তৈরীর জন্য দুইটি সাবকমিটি গঠন করা হয়। Website কমিটির মাধ্যমে Logo সম্বলিত Website চূড়ান্ত করে বিবিএস এর Website এ Hosting করা হয়েছে। BGISP এর সহাতায় বিবিএস এর তত্ত্বাবধানে বর্তমান www.gis.gov.bd নামে ওয়েব পোর্টালটি চলমান আছে। এর মাধ্যমে GIS তথ্য উপাত্ত প্রস্তুতকারী সকল প্রতিষ্ঠান তাদের GIS ডাটা ও মেটাডাটা বিনিময় করতে সক্ষম হবে। ফলে দ্বৈততা পরিহারের পাশাপাশি অর্থ ও সময়ের অপচয় হ্রাস পাবে। গাইডলাইন কমিটি কর্তৃক BGISP কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য BGISP গাইডলাইন প্রস্তুত করে সমস্ত সদস্যদের নিকট পাঠানো হয়েছিল। মাত্র কয়েকটি সংস্থা থেকে মতামত পাওয়া গেছে। এ প্রসংগে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) ও BGISP কমিটির সভাপতি বলেন, BGISP-র গাইডলাইনটির উপর মতামতের জন্য BGISP সম্মানিত সদস্যদের নিকট একাধিকবার প্রেরণ করা হয়েছে। এখন গাইডলাইনটি চূড়ান্ত করার প্রয়োজন। সভায় উপস্থিত কয়েক জন গাইডলাইনটির বিষয়ে মতামত দিতে চাইলে, সভাপতি ৭ দিন সময় দিয়ে মতামত সংগ্রহের জন্য বলেন। মতামত পাওয়ার পর গাইডলাইন প্রণয়ন সংক্রান্ত সাব-কমিটি মতামত পরীক্ষা নিরীক্ষাপূর্বক এ বিষয়ে অন্যান্য দেশের অভিজ্ঞতার আলোকে গাইডলাইনটি চূড়ান্ত করে অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

৩। প্রকল্প পরিচালক আরো জানান, BGISP এর সকল সদস্যদের নিকট স্ব স্ব প্রতিষ্ঠানের বিষয়ে একটি Write Up ও Metadata এর Format দেয়া হয়েছিল। এ পর্যন্ত একটি প্রতিষ্ঠান (SPARRSO) থেকে Write Up পাওয়া গিয়েছে। অবশিষ্ট ৩৫টি প্রতিষ্ঠান থেকে Write up পাওয়া যায়নি। Format এর মাধ্যমে Metadata চাওয়া হয়েছিল। তার মধ্যে ১০ (দশ) টি প্রতিষ্ঠান (মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট SRDI, Department of Land Record Survey, Dhaka North City Corporation, Department of Agriculture Extension, Local Govt Engineering Department (LGED), Department of Public Health Engineering, Department of Forest, Bangladesh Inland Water Transport Authority (BIWTA), Survey of Bangladesh (SOB), SPARRSO) থেকে পাওয়া গেছে। সভাপতি, পুনরায় Write Up চেয়ে ১ (এক) মাস সময় দিয়ে পত্র দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। একই সাথে Data এবং Metadata প্রেরণ করার জন্য সংস্থা প্রধানকে চিঠি দেয়ার জন্য এবং যে দুটি প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম পাওয়া যায়নি সে সব প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে নাম সংগ্রহ করার নির্দেশনা দেন।

৪। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন, BGISP কার্যক্রম বর্তমানে Stat4Dev প্রকল্পের মাধ্যমে পরিচালিত হচ্ছে। উক্ত প্রকল্পটি ডিসেম্বর, ২০২০ এ শেষ হয়ে যাবে তখন যেন BGISP এর কার্যক্রম চলমান থাকে সে বিষয়ে উদ্যোগ নিতে হবে। বিবিএস এর উপমহাপরিচালক জনাব ঘোষ সুবব্রত বলেন, BGISP প্রকল্পের কার্যক্রম শেষে BGISP-র প্রাতিষ্ঠানিকীকরণের জন্য কম্পিউটার উইংকে সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক বলেন, কম্পিউটার উইং এর পরিচালকের নেতৃত্বে ৮ (আট) সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হয়েছে। তিনি কম্পিউটার উইং এর মাধ্যমে এর কার্যক্রম চলমান রাখার আশাবাদ ব্যক্ত করেন।

৫। সভায় BGISP এর প্রাতিষ্ঠানিকরণ বিষয়টির উপর সকল সংস্থার প্রতিনিধি গুরুত্ব আরোপ করেন। আলোচনায় অংশগ্রহন করে ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের প্রতিনিধি কাজী হাসিবা জাহান সভায় বলেন, প্রাতিষ্ঠানিকীকরণ এর জন্য বিবিএস এর সদস্যদের নিয়ে টিম গঠন করলেই হবে না অন্যান্য প্রতিষ্ঠানকেও একইভাবে কাজ করা প্রয়োজন। সভাপতি বলেন, BGISP এর গাইডলাইন কারিগরি কমিটি আছে সেখানে বাহিরের অন্যান্য সংস্থা সদস্য নিয়ে টিম গঠন করা হয়েছে। ঐ কমিটি থেকেই আপনারা এ বিষয়ে পরামর্শ প্রদান করবেন। এ প্রসংগে দক্ষিণ সিটি করপোরেশনের প্রতিনিধি বলেন, বিবিএস সহ GIS সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে দক্ষ জনবল প্রয়োজন। দক্ষ জনবল ছাড়া GIS এর কার্যক্রম চালিয়ে নেয়া সম্ভব হবে না।

৬। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি ড. ফরিদা পারভিন বলেন, আগামী ১৮ই নভেম্বর বিশ্ব GIS Day. BGISP এর ব্যানারে GIS Day আয়োজন করা যায় কিনা তা ভেবে দেখা যেতে পারে। এ প্রসংগে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) বেগম মাহমুদা আকতার বলেন, এ পরিস্থিতিতে এখনই GIS Day করা ঠিক হবে না। সভাপতি বলেন, BGISP প্রাতিষ্ঠানিকীকরণ করা হলে GIS Day ও অন্যান্য কাজ গুলো সহজ হবে।

৭। জনাব রেজাউল রনি, সহযোগী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বলেন, বিবিএস এ GIS Relatad কোন Post নাই। GIS Related একটি উইং করে পর্যাপ্ত সংখ্যক পদ সৃষ্টি করতে হবে। তাহলেই BGISP এর কার্যক্রম অব্যাহত থাকবে। মোহাম্মদ শফিউল্লাহ অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় Zoom এর মাধ্যমে অংশগ্রহন করে বলেন, BGISP কে প্রাতিষ্ঠানিকীরণ করতে হলে বিবিএস কে GIS Wing সৃষ্টি করতে হবে, নিজস্ব জনবল তৈরী করতে হবে, Manpower নিদিষ্ট করতে হবে। তাহলেই কাজ করা সহজ হবে। এ পর্যায়ে UNFPA এর প্রতিনিধি জনাব মাহমুদ-ই-আলম বলেন UNFPA ২০১২ সাল থেকে BGISP কে এ বিষয়ে Technical ও Financial Support দিয়ে যাচ্ছে। UNFPA Resource কমে যাওয়ায় ভবিষ্যতে এ বিষয়ে সাপোর্ট নাও করতে পারে তাই প্রাতিষ্ঠানিকীরণ করা প্রয়োজন। BGISP কে কম্পিউটার উইং এর সাথে দিলেই হবে না। GIS Wing সৃষ্টি করে অভিজ্ঞ জনবল দ্বারা পরিচালিত করা হলে BGISP এর কার্যক্রম চলমান থাকবে। সভাপতি UNPA কে তাদের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

৮। প্রাক্তন অতিরিক্ত সচিব, জনাব মোঃ শফিকুল ইসলাম Zoom এ অংশ নিয়ে জানান BGISP প্রতিষ্ঠালগ্ন থেকে তিনি সম্পৃক্ত ছিলেন তিনি বলেন, শুধু Platform করলে হবে না। GIS বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্কুল, কলেজেও ছাড়িয়ে দিতে হবে। যারা GIS নিয়ে কাজ করে তা শেয়ার করতে হবে। ছোট ছোট GIS Related কাজ শুরু করা যেতে পারে। এ বিষয়ে বিবিএসকে উদ্যোগ নিতে বলেন।

৯। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোঃ আফজালুর রহমান Zoom এ অংশ নিয়ে বলেন, Survey of Bangladesh (SOB) এর আওতায় National Spatial Data Infrastructure (NSDI) Policy করা হয়েছে যা পরিসংখ্যান আইন ও BGISP এর কার্যক্রমের সাথে সাংঘর্ষিক। এ বিষয়টি সুরাহা করা প্রয়োজন। সভাপতি বলেন এ বিষয়ে SOB কে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মতামত জানিয়ে দেয়া হয়েছে। এ প্রসংগে SOB এর প্রতিনিধি বলেন SOB তাদের ম্যান্ডেট অনুযায়ী NSDI Policy করেছে। BGISP কার্যক্রমের সাথে সাংঘর্ষিক হবে না।

১০। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জনাব শাহেদুর রশিদ বলেন, বিবিএস GIS কার্যক্রম পরিচালনার জন্য একটি GIS Wing গঠন করে এ সম্পর্কিত জনবল নিয়োগ দিতে পারেন। তাহলেই BGISP প্রাতিষ্ঠানিকীকরণ রূপ পাবে। কম্পিউটার উইংকে সাময়িক দায়িত্ব দেয়া যেতে পারে। ভবিষ্যৎ কার্যক্রম ও প্রাতিষ্ঠানিকীকরণ করতে GIS wing প্রতিষ্ঠিত করে স্থায়ী অবকাঠামো তৈরী করা প্রয়োজন।

১১। WARPO এর প্রতিনিধি জনাব মোহাম্মদ হাসান শাহরিয়ার বলেন, নতুন উইং করে জনবল নিয়োগ করা সময় সাপেক্ষ। তাই এ প্রক্রিয়া চলমান থাকার পাশাপাশি বাজেটে এই খাতে কিছু টাকা ধরা থাকলে কাজ চালিয়ে নেয়া যেতে পারে তিনি Revenue Budget-এ কিছু টাকা রাখার প্রস্তাব করেন।

১২। দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রতিনিধি বলেন, BGISP কে প্রাতিষ্ঠানিকীকরণ লক্ষে সকল প্রতিষ্ঠানের GIS সংশ্লিষ্ট দক্ষ জনবল চাহিদা নিরুপণ ও অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের জনবলের তালিকা BGISP সভায় পর্যালোচনা করা যেতে পারে। ঢাকা ওয়াসার প্রতিনিধি জনাব কাজী মু. খালীদ আহসান বলেন, তাদের GIS সংশ্লিষ্ট জনবল রয়েছে। কম্পিউটার উইং এর সাথে পৃথক দুটি উইং করে GIS ও MIS related পদ সৃষ্টি করা হয়েছে। ঢাকা ওয়াসার জনবল কাঠামোটি অন্যান্য সংস্থা Share করতে পারেন।

১৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) BGISP Guideline সম্পর্কে আরো কোন মতামত থাকলে তা আগামী মাসের ৭ (সাত) দিনের মধ্যে লিখিতভাবে প্রেরণ করতে হবে। অন্যথায় আর কোন মতামত নেই মর্মে ধরে নেয়া হবে।

(খ) গাইডলাইন সাব-কমিটিকে BGISP এর সকল সদস্যদের মতামত যাচাই-বাছাই পূর্বক এ বিষয়ে অন্যান্য দেশের অভিজ্ঞতার আলোকে গাইডলাইনটি চূড়ান্ত করে তা পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

(গ) BGISP এর সদস্যসমূহ স্ব স্ব প্রতিষ্ঠানের বিষয়ে Write Up আগামী এক মাসের মধ্যে (Md. Maksud Hossain, Gmail: maksudbbs@gmail.com) পাঠাতে হবে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্টদের পত্র দিতে হবে এবং টেলিফোনে যোগাযোগ করতে হবে।

(ঘ) স্ব স্ব প্রতিষ্ঠানের Data এবং Metadata BGISP এর Website-এ প্রেরণ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সংস্থা প্রধানকে পত্র দিতে হবে।

(ঙ) BUET ও Khulna University এর সাথে যোগাযোগ করে ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম চূড়ান্ত করতে হবে।

(চ) BGISP কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং BGISP এর প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে বিবিএসসহ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান দক্ষ জনবল পদায়নের উদ্যোগ গ্রহণ করবেন।

(ছ) BGISP কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ও প্রাতিষ্ঠানিকীকরণ লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের দক্ষ জনবলের চাহিদা নিরুপণ ও অভিজ্ঞতা বিনিময়ে স্ব স্ব প্রতিষ্ঠানের তালিকা BGISP-র পরবর্তী সভায় পর্যালোচনার জন্য প্রেরণ করবেন।

(জ) BGISP সকল সংস্থা প্রধানদের নিয়ে একটি Zoom Meeting আয়োজন করা যেতে পারে। এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সহায়তা প্রদান করবেন।

১৪। সভাপতি সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
০৫/১০/২০২০ খ্রি.
মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০১৯.১৪.০০৮.১৮-২৯৯ তারিখ: ০৭/১০/২০২০ খ্রি.

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগ, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্হাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁ, ঢাকা।
০৪। প্রকল্প পরিচালক, A21, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ: আ: ড.মো. জিয়াউদ্দিন, পরামর্শক (উপসচিব)।
০৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব মো: আফজালুর রহমান, উপপরিচালক (জরিপ)।
০৬। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ. আ. জনাব মো: জাকির হোসেন, সি. সহকারী প্রকৌশলী)।
০৭। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁ, ঢাকা।
০৮। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা (দৃ: আ: জনাব মো. শফিকুর রহমান, প্রোগ্রামার)।
০৯। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁ, ঢাকা (দৃ: আ: জনাব মো. মোশারফ হোসেন, সহকারী পরিচালক (জরিপ)।
১০। বিভাগ প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: জনাব মোঃ মাহবুবুর রব, উপ প্রধান)।
১১। চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: ড. মো. মাহমুদুর রহমান, পিএসও)।
১২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ: মো: আলমাছ হোসেন, ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর)।
১৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: ড. মরিয়ম আক্তার, সহকারী বন সংরক্ষক)।
১৪। চেয়ারম্যান, রাজউক, ঢাকা (দৃ: আ: জনাব আশিকুর রহমান, সহকারী নগর পরিকল্পনাবিদ)।
১৫। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব [illegible]

৬২৬

১৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ: আ: ড. ফরিদা পারভীন, উপপরিচালক)।
১৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব রিয়াজুর রহমান রাজন, উপবিভাগীয় প্রকৌশলী)।
১৮। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষনা কাউন্সিল (BARC), ফার্মগেট, ঢাকা (দৃ: আ: হাসান মো.হামিদুর রহমান, পরিচালক)।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা (দৃ: আ: জনাব কাজী মু. খালীদ আহসান, সিনিয়র সিষ্টেম এনালিষ্ট)।
২০। চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা (দৃ: আ: জনাব মো. ইকবাল আলম, সিষ্টেম এনালিষ্ট)।
২১। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ: আ: বেগম দিলরুবা করিম, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডিপিএস শাখা)।
২২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা (দৃ: আ: জনাব দিল বাহার আহমেদ, নগর পরিকল্পনাবিদ)।
২৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা (দৃ: আ: বেগম কাজী হাসিবা হাসান, জিওগ্রাফার, নগর পরিকল্পনা বিভাগ)।
২৪। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (দৃ: আ: ড. শেখ মেহেদী মোহাম্মদ, যুগ্মপরিচালক)।
২৫। নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা (দৃ: আ: মোহা: মোস্তাফিজুর রহমান, সিনিয়র স্পেশালিস্ট, কোয়ালিটি ম্যানেজমেন্ট এন্ড পাবলিকেশন ডিভিশন)।
২৬। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২৭। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (দৃ: আ: মুহাম্মদ শফি উল্লাহ, সহযোগী অধ্যাপক)।
২৮। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা (দৃ: আ: জনাব অধ্যাপক ড. মো: শাহদুর রশিদ/ রেজাউল রনি, সহযোগী অধ্যাপক)।
২৯। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা (দৃ: আ: ড. মো. মনিরুজ্জামান, অধ্যাপক ও চেয়ারম্যান)।
৩০। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
৩১। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, BUET, পলাশী, ঢাকা।
৩২। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩৩। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (WARPO) ৭২, গ্রীন রোড, ঢাকা (দৃ: আ: জনাব মোঃ হাসান শাহরিয়ার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা)।
৩৪। Country Director, World Bank Dhaka Office, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, পরামর্শক)।
৩৫। Country Director, ADB Dhaka Office, আগারগাঁ, ঢাকা।
৩৬। Country Director, UNDP Dhaka Office, ঢাকা।
৩৭। Representative of Bangladesh, FAO Dhaka Office, বাড়ী নং-৩৭, সড়ক নং-০৮, ধানমন্ডী আ/এ, ঢাকা (দৃ: আ: জনাব রাশেদ জালাল, জিআইএস, বিশেষজ্ঞ)।
৩৮। Representative, UNFPA, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব কাকলী বিশ্বাস, প্রোগ্রাম অফিসার)।
৩৯। প্রকল্প পরিচালক,স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলেপমেন্ট (Stat4.Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
৪০। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা ও সদস্য সচিব, BGISP।
৪১। জনাব মো: শফিকুল ইসলাম, সাবেক অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৪২। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
০২। প্রকল্প পরিচালক, স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলেপমেন্ট (Stat4.Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা (BGISP এর ওয়েব সাইটে আপলোড এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাঝে কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।
০৩। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
০৪। অফিস কপি/ গার্ড নথি।

০৭/১০/২০২৪

(কালাচাঁদ সরকার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫০০৭৩৮৪